**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/15/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো ঘোষণা করলেন যে 18 বছর এবং তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের অর্ধেকের বেশি COVID-19 টিকার অন্তত একটি ডোজ পেয়েছেন

***18 বছর এবং তার বেশি বয়সী প্রায় প্রতি 3 জন নিউ ইয়র্কবাসীর মধ্যে 1 জন এখন পুরোপুরি টিকা প্রাপ্ত***

***রাজ্যব্যাপী 12.5 মিলিয়নেরও বেশি মোট ডোজ দেওয়া হয়েছে***

***198,257 ডোজ গত 24 ঘন্টায় দেওয়া হয়েছে***

***গত সাত দিনে 1.5 মিলিয়নেরও বেশি ডোজ দেওয়া হয়েছে***

***স্টেটের টিকা কর্মসূচি সম্পর্কে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হয়; [ny.gov/vaccinetracker](ny.gov/vaccinetracker) এ যান***

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ ঘোষণা করেছেন যে 18 বছর এবং তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের মধ্যে 50 শতাংশেরও বেশি COVID-19 টিকার কমপক্ষে একটি ডোজ পেয়েছেন এবং একই বয়সের প্রতি তিনজনের মধ্যে একজনকে সম্পূর্ণ টিকা দেওয়া হয়েছে। নিউ ইয়র্ক রাজ্যে টিকার 12.5 মিলিয়নেরও বেশি ডোজ দেওয়া হয়েছে। গত 24 ঘন্টায় নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক জুড়ে 198,257টি ডোজ দেওয়া হয়েছে এবং গত সাত দিনে 1.5 মিলিয়নেরও বেশি ডোজ প্রদান করা হয়েছে।

"আমাদের সরবরাহকারী এবং স্বেচ্ছাসেবকদের অসাধারণ প্রচেষ্টা এবং প্রতিশ্রুতির কল্যাণে, নিউ ইয়র্কের অর্ধেকেরও বেশি অধিবাসী যারা 18 বছর বা তার বেশি বয়সী তারা কমপক্ষে একটি ডোজ টিকা পেয়েছেন, এবং এক তৃতীয়াংশেরও বেশিকে সম্পূর্ণ টিকা দেওয়া হয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "আপনি কেবল নিজের জন্য টিকা গ্রহণ করেন না - আপনি অন্য মানুষদের নিরাপদ রাখার জন্য এটি গ্রহণ করেন। COVID এখনও আমাদের সাথে আছে, কিন্তু যদি আমরা "নিউ ইয়র্ক টাফ" থাকি, আমরা আমাদের অর্থনীতিকে পুনরায় চালু করতে পারি এবং ধীরে ধীরে এই জন্তুটিকে পরাজিত করতে পারি।"

নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক ও যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা ফেডারেল সরকার থেকে আসা টিকার সরবরাহের চেয়ে এখনো বহু গুণ বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত অবস্থাযুক্ত ব্যক্তিদের জন্য 'Am I Eligible (আমি কি যোগ্য)' স্ক্রিনিং টুলটি আপডেট করা হয়েছে এবং তার সাথে পরবর্তী সপ্তাহগুলিতে রোলিং ভিত্তিতে নতুন অ্যাপয়েন্টমেন্ট প্রকাশ করা হবে। নিউ ইয়র্কবাসীরা নিম্নলিখিতগুলি ব্যবহার করতে পারেন তাদের যোগ্যতা দেখানোর জন্য:

- ডাক্তারের চিঠি, অথবা
- চিকিৎসা তথ্য যা কোমোরবিডিটির প্রমাণীকরণ করে, অথবা
- স্বাক্ষরিত প্রত্যয়করণ

নিচের টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বণ্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচির (Long Term Care Facility program) জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ:

**রাজ্যব্যাপী তালিকা**

প্রদান করা মোট ডোজগুলি - 12,638,792
গত 24 ঘন্টায় মোট 198,257 ডোজ প্রদান করা হয়েছে
গত 7 দিনে প্রদান করা মোট ডোজ - 1,546,338
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা অন্তত একটি টিকার ডোজ পেয়েছেন - 39.6%
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা সম্পূর্ণ টিকার ডোজ পেয়েছেন - 26.4%
18+ বয়সী নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা অন্তত একটি টিকার ডোজ পেয়েছেন - 50.7%
18+ বয়সী নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা সম্পূর্ণ টিকা ডোজ পেয়েছেন - 34.1%

| | **অন্তত একটি টিকার ডোজ নেওয়া ব্যক্তি** | | **সম্পূর্ণ টিকার সিরিজ সহ মানুষ** | |
|---|---|---|---|---|
| **অঞ্চল** | **ক্রমসঞ্চিত মোট** | **গত 24 ঘন্টায় বৃদ্ধি** | **ক্রমসঞ্চিত মোট** | **গত 24 ঘন্টায় বৃদ্ধি** |
| Capital Region | 464,773 | 6,457 | 325,194 | 4,364 |
| Central New York | 395,889 | 3,824 | 292,065 | 5,282 |

| | | | | |
|---|---|---|---|---|
| Finger Lakes | 485,239 | 5,567 | 337,453 | 8,292 |
| Long Island | 965,240 | 11,305 | 596,295 | 13,160 |
| Mid-Hudson | 830,372 | 11,819 | 522,628 | 13,928 |
| Mohawk Valley | 194,434 | 1,945 | 140,825 | 2,187 |
| New York City | 3,603,332 | 52,091 | 2,368,152 | 35,855 |
| North Country | 193,390 | 896 | 152,048 | 2,049 |
| Southern Tier | 257,985 | 1,626 | 182,662 | 4,149 |
| Western New York | 521,747 | 5,787 | 356,177 | 10,542 |
| স্টেটজুড়ে/সমগ্র স্টেটে | 7,912,401 | 101,317 | 5,273,499 | 99,808 |

| | **নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 1ম ডোজ সরবরাহ করা হয়েছে** | **নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 2য় ডোজগুলি সরবরাহ করা হয়েছে** | **মোট** | **ক্রমসঞ্চিত** |
|---|---|---|---|---|
| **সপ্তাহ 1 ডোজ আসছে 12/14 - 12/20** | 163,650 | 0 | 163,650 | 163,650 |
| **সপ্তাহ 2 ডোজ আসছে 12/21 - 12/27** | 452,125 | 0 | 452,125 | 615,775 |
| **সপ্তাহ 3 ডোজ আসছে 12/28 - 01/03** | 227,395 | 0 | 227,395 | 843,170 |
| **সপ্তাহ 4 ডোজ আসছে 01/04 - 01/10** | 239,025 | 165,150 | 404,175 | 1,247,345 |
| **সপ্তাহ 5 ডোজ আসছে 01/11 - 01/17** | 221,315 | 119,925 | 341,240 | 1,588,585 |
| **সপ্তাহ 6 ডোজ আসছে 01/18- 01/24** | 250,400 | 462,395 | 712,795 | 2,301,380 |
| **সপ্তাহ 7** | 260,150 | 239,525 | 499,675 | 2,801,055 |

| | | | | |
|---|---|---|---|---|
| **ডোজ আসছে 01/25 – 01/31** | | | | |
| **সপ্তাহ 8 ডোজ আসছে 02/01 – 02/07** | 321,850 | 220,720 | 542,570 | 3,343,625 |
| **সপ্তাহ 9 ডোজ আসছে 02/8 – 02/14** | 320,000 | 244,500 | 564,500 | 3,908,125 |
| **সপ্তাহ 10 ডোজ আসছে 2/15 – 2/21** | 356,990 | 265,525 | 622,515 | 4,530,640 |
| **সপ্তাহ 11 ডোজ আসছে 2/22 – 2/28** | 393,530 | 305,780 | 699,310 | 5,229,950 |
| **সপ্তাহ 12 ডোজ আসছে 03/01 – 03/07** | 1,020,660 | 290,500 | 1,311,160 | 6,541,110 |
| **সপ্তাহ 13 এর ডোজ আসছে 03/08 – 03/14** | 618,880 | 526,415 | 1,145,295 | 7,686,405 |
| **সপ্তাহ 14 এর ডোজ আসছে 03/15 – 03/21** | 699,790 | 584,775 | 1,284,565 | 8,970,970 |
| **সপ্তাহ 15 এর ডোজ আসছে 03/22 – 03/28** | 828,000 | 737,080 | 1,565,080 | 10,536,050 |
| **সপ্তাহ 16 এর ডোজ আসছে 03/29 – 04/04** | 819,800 | 569,905 | 1,389,705 | 11,925,755 |
| **সপ্তাহ 17 এর ডোজ আসছে 04/05 – 04/12** | 1,068,455 | 658,770 | 1,727,225 | 13,652,980 |

যে সকল নিউ ইয়র্কবাসী যোগ্যতা নির্ধারণ করতে এবং স্টেট পরিচালিত একটি গণ টিকাদান সাইটে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে চান, তারা 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটি ভিজিট করতে পারেন। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য স্থানীয় স্বাস্থ্য

বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে অথবা যেখানে টিকা উপলভ্য আছে সেখানে কল করতে পারেন।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করার জন্য টিকা প্রদানের ফ্যাসিলিটি প্রয়োজন; স্টেটের টিকাদান প্রচেষ্টার সবচেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে সকল নিউ ইয়র্কবাসী টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেল করতে পারেন। স্টেট পুরোপুরি যোগ্য জনগণকে টিকা দেওয়ার জন্য কাজ করে বলে নিউ ইয়র্ককারীদের সুবিধা নেওয়া হচ্ছে না তা নিশ্চিত করার জন্য হটলাইনের কর্মীরা উপযুক্ত তদন্তকারী এজেন্সিগুলিতে অভিযোগের দিকে নজর রাখবেন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন